রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ১৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৮.২৩.২৮**।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক **"ফার্মাসিউটিক্যালস"** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী হারের **খসড়া সুপারিশ, ২০২৫** জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত **"ফার্মাসিউটিক্যালস"** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০ সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।



**মূল্য :** টাকা ১৬.০০

**"ফার্মাসিউটিক্যালস" শিল্প**

**খসড়া সুপারিশ-২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১১-১২-২০২৩ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০০১.১৬.২৬ তারিখ : ১১-১২-২০২৩ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে "ফার্মাসিউটিক্যালস" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরী হার সুপারিশ করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর : ৪০.০০.০০০০.০১৬.৯৯.০০৮.১৭.২৩ তারিখ : ২২-০১-২০২৪ খ্রিষ্টাব্দ মূলে বিধি মোতাবেক "ফার্মাসিউটিক্যালস" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরী নির্ধাণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান-কে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "ফার্মাসিউটিক্যালস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ (১) অপসোনিন ফার্মা লিমিটেড, রূপাতলী, বরিশাল, (২) কেমিস্ট ল্যাবরেটরিজ লিমিটেড, কলেজ রোড, বরিশাল, (৩) রেফকো ফার্মাসিউক্যিালস লিমিটেড, মথুরানাথ পাবলিক স্কুল রোড, বরিশাল, (৪) স্কয়ার ফার্মাসিউটিক্যালস পিএলসি, কালিয়াকৈর, গাজীপুর, (৫) অ্যাপেক্স ফার্মা লিমিটেড, শফিপুর, কালিয়াকৈর, গাজীপুর ও (৬) ম্যাক্স ড্রাগস লিমিটেড, কোনাবাড়ী, গাজীপুর উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা এবং তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরী প্রস্তাব ও পরিদর্শন প্রতিবেদনসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯

মোতাবেক "ফার্মাসিউটিক্যালস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল :

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "ফার্মাসিউটিক্যালস" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। নিম্নবর্ণিত তপশিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরী রেজিস্টারভুক্তকরত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" ও তফসিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা, কম মজুরী প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন

তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত "নিম্নতম মজুরী" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরী ইতোমধ্যে প্রাপ্ত মজুরীর ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরী ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরী ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরী ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৮২৬৮.৭৫ (আট হাজার দুইশত আটষট্টি টাকা পঁচাত্তর পয়সা) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে প্রতিষ্ঠান মালিক/কর্তৃপক্ষ/ঠিকাদার কর্তৃক শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরী নির্ধারণ/ধার্য করার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১১(৫) এর নতুন শর্তাংশ ও বিধি ১৬(২) এর নতুন শর্তাংশ মোতাবেক মূল মজুরী নির্ধারিত/ধার্যকৃত/প্রাপ্ত সাকুল্য (মোট) মজুরির ৫০% এর কম হইবে না।

১৩। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৪। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৫। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**মো: নাজিম উদ্দিন ভূঁঞা**
নিরপেক্ষ সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

**আসিফ আইয়ুব**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

**আনোয়ার হোসাইন**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

**মুহাম্মদ হালিমুজ্জামান**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

**মো: রেজাউল হক**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড।

## তফসিল "ক"

## শ্রমিকগণের জন্য মাসিক মজুরী হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (১) | উচ্চতর দক্ষ (গ্রেড-১) :<br>১। ইলেকট্রিক ফোরম্যান<br>২। মেকানিক্যাল ফোরম্যান<br>৩। ইউটিলিটি ফোরম্যান<br>৪। সেকশন ইনচার্জ/ সুপারভাইজার<br>৫। প্রডাকশন ফোরম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১৩০০০/- | ৬৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ২২০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১২৫০০/- | ৬২৫০/- | ১৫০০/- | ১০০০/- | ২১২৫০/- |
| (২) | দক্ষ-১ ( গ্রেড-২) :<br>১। সিনিয়র মেকানিক<br>২। সিনিয়র টার্নার<br>৩। সিনিয়র ওয়েল্ডার<br>৪। সিনিয়র বয়লার এটেনডেন্ট<br>৫। সিনিয়র ইলেকট্রিশিয়ান<br>৬। সিনিয়র কার্পেন্টার<br>৭। সিনিয়র এ. সি অপারেটর<br>৮। সিনিয়র অপারেটর-কাম-রিসিপসনিস্ট<br>৯। সিনিয়র প্যাকার/ সিনিয়র টিম লিডার<br>১০। সিনিয়র ফিল্ড ওয়ার্কার/ সিনিয়র অপারেটর<br>১১। সিনিয়র কম্পাউন্ডার<br>১২। সিনিয়র ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট<br>১৩। সিনিয়র কিউ. সি ইন্সপেক্টর<br>১৪। সিনিয়র ফিটার<br>১৫। বিভিন্ন বিভাগ/ সেকশনের সিনিয়রগণ<br>১৬। সিনিয়র প্রডাকশন অপারেটর। | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১১৩৩৪/- | ৫৬৬৭/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৫০১/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১১০০০/- | ৫৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯০০০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (৩) | **দক্ষ-২ (গ্রেড-৩) :**<br>১। মেকানিক<br>২। টার্নার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১০৩৩৪/- | ৫১৬৭/- | ১৫০০/- | ১০০০/- | ১৮০০১/- |
| | ৩। ওয়েল্ডার<br>৪। বয়লার এটেনডেন্ট<br>৫। ইলেকট্রিশিয়ান<br>৬। কার্পেন্টার<br>৭। এ. সি অপারেটর<br>৮। অপারেটর-কাম-রিসিপসনিস্ট<br>৯। প্যাকার/সিনিয়র টিম লিডার<br>১০। ফিল্ড ওয়ার্কার/অপারেটর<br>১১। কম্পাউন্ডার<br>১২। ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট<br>১৩। কিউ. সি ইন্সপেক্টর<br>১৪। হেড কুক<br>১৫। চীফ স্টুয়ার্ড<br>১৬। ফিটার<br>১৭। বিভিন্ন বিভাগ/সেকশনের সিনিয়র এ্যাসিসট্যান্টগণ<br>১৮। প্রডাকশন অপারেটর | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১০০০০/- | ৫০০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৭৫০০/- |
| (৪) | **দক্ষ-৩ ( গ্রেড-৪) :**<br>১। জুনিয়র মেকানিক<br>২। জুনিয়র টার্নার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৯৬৬৭/- | ৪৮৩৪/- | ১৫০০/- | ১০০০/- | ১৭০০১/- |
| | ৩। জুনিয়র ওয়েল্ডার<br>৪। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>৫। জুনিয়র কার্পেন্টার | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৯১৬৭/- | ৪৫৮৪/- | ১৫০০/- | ১০০০/- | ১৬২৫১/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ৬। জুনিয়র এ.সি অপারেটর<br>৭। জুনিয়র অপারেটর-কাম-রিসিপসনিস্ট<br>৮। জুনিয়র প্যাকার/জুনিয়র টাইম কিপার<br>৯। জুনিয়র বয়লার এটেনডেন্ট<br>১০। জুনিয়র ফিল্ড ওয়ার্কার<br>১১। জুনিয়র কম্পাউন্ডার<br>১২। জুনিয়র ফিটার<br>১৩। জুনিয়র ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট<br>১৪। জুনিয়র প্রোডাকশন অপারেটর<br>১৫। কুক<br>১৬। সিনিয়র স্টুয়ার্ড<br>১৭। সিনিয়র ওয়াচম্যান<br>১৮। হেড লোডার এন্ড আন-লোডার<br>১৯। বিভিন্ন বিভাগ/সেকশনের জুনিয়র এ্যাসিসট্যান্টগণ | | | | | | |
| (৫) | **আধা-দক্ষ ( গ্রেড-৫) :**<br>১। সেমি ফিল্ড ওয়ার্কার<br>২। সিনিয়র লোডার এন্ড আন-লোডার<br>৩। উৎপাদন শ্রমিক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৩৩৪/- | ৪১৬৭/- | ১৫০০/- | ১০০০/- | ১৫০০১/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮০০০/- | ৪০০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৪৫০০/- |
| (৬) | **অদক্ষ ( গ্রেড-৬) :**<br>১। ওয়ার্কশপ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭৬৬৭/- | ৩৮৩৪/- | ১৫০০/- | ১০০০/- | ১৪০০১/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ২। ইউটিলিটি হেলপার<br>৩। আনস্কিল্ড হেলপার<br>৪। স্টুয়ার্ড<br>৫। কুক হেলপার<br>৬। ডিশ ওয়াশার/বটল ওয়াশার<br>৭। লোডার এন্ড আন-লোডার<br>৮। সার্ভিসম্যান<br>৯। উৎপাদন সাহায্যকারী/প্রোডাকশন হেলপার<br>১০। বিভিন্ন বিভাগ/মেশিন এর হেলপারগণ | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭৫০০/- | ৩৭৫০/- | ১৫০০/- | ১০০০/- | ১৩৭৫০/- |
| (৭) | শিক্ষানবিস শ্রমিক: | (ক) শিক্ষানবিসীকাল ৩(তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=১০০০০/-টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিয়ুক্ত হইবেন। | | | | | |

## তফসিল “খ”

## কর্মচারীগণের জন্য মাসিক মজুরী হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (১) | **<u>গ্রেড-১ :</u>**<br>১। সিনিয়র এ্যাসিসট্যান্ট/ সিনিয়র অফিস সহকারী<br>২। সিনিয়র ক্যাশিয়ার/ সিনিয়র হিসাব সহকারী<br>৩। স্টোর কিপার/ওয়্যার হাউজ কিপার<br>৪। সিনিয়র টেলিফোন অপারেটর<br>৫। সিনিয়র কেন্টিন সুপারভাইজার<br>৬। ট্রান্সপোর্ট সুপারভাইজার<br>৭। সিকিউরিটি সুপারভাইজার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১৩০০০/- | ৬৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ২২০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১২৫০০/- | ৬২৫০/- | ১৫০০/- | ১০০০/- | ২১২৫০/- |
| (২) | **<u>গ্রেড-২ :</u>**<br>১। এ্যাসিসট্যান্ট/সিকিউরিটি ইনচার্জ<br>২। টেলিফোন অপারেটর কাম রিসেপসনিস্ট<br>৩। ক্যাশিয়ার<br>৪। সিনিয়র ক্লার্ক কাম কম্পিউটার অপারেটর<br>৫। কেন্টিন সুপারভাইজার<br>৬। সিনিয়র ড্রাইভার<br>৭। সিনিয়র সেলসম্যান<br>৮। হেড ওয়াচম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১১৩৩৪/- | ৫৬৬৭/- | ১৫০০/- | ১০০০/- | ১৯৫০১/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১১০০০/- | ৫৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৯০০০/- |
| (৩) | **<u>গ্রেড-৩ :</u>**<br>১। জুনিয়র এ্যাসিসট্যান্ট<br>২। জুনিয়র টেলিফোন অপারেটর কাম রিসেপসনিস্ট<br>৩। ক্লার্ক কাম কম্পিউটার অপারেটর<br>৪। সেলসম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৯১৬৭/- | ৪৫৮৪/- | ১৫০০/- | ১০০০/- | ১৬২৫১/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮৬৬৬/- | ৪৩৩৩/- | ১৫০০/- | ১০০০/- | ১৫৪৯৯/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ৫। টাইম কিপার<br>৬। হেড ক্লিনার<br>৭। হেড গার্ডেনার<br>৮। সিনিয়র পিয়ন<br>৯। ড্রাইভার<br>১০। সিনিয়র ক্লিনার/সুইপার<br>১১। সিকিউরিটি গার্ড<br>১২। দারোয়ান-গ্রেড-১<br>১৩। দারোয়ান-গ্রেড-২ | | | | | | |
| (৪) | **<u>গ্রেড-৪ :</u>**<br>১। পিয়ন-গ্রেড-১<br>২। পিয়ন-গ্রেড-২<br>৩। ওয়াচম্যান<br>৪। গার্ডেন হেলপার<br>৫। ট্রান্সপোর্ট হেলপার<br>৬। সুইপার/ক্লিনার<br>৭। রেস্ট/গেস্ট হাউজ হেলপার<br>৮। ওয়্যারহাউজ হেলপার<br>৯। কেন্টিন বয়<br>১০। ওয়িংম্যান<br>১১। টালিম্যান<br>১২। মেসেঞ্জার<br>১৩। ওয়াশিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৩৩৪/- | ৪১৬৭/- | ১৫০০/- | ১০০০/- | ১৫০০১/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮০০০/- | ৪০০০/- | ১৫০০/- | ১০০০/- | ১৪৫০০/- |
| (৫) | **শিক্ষানবিস কর্মচারী** | (ক) শিক্ষানবিসীকাল ০৬(ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=১০৫০০/-টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd